



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulanpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.১৮. ২৭৫

তারিখঃ- ০৪/শ্রাবণ/১৪২৫ বঙ্গাব্দঃ
১৯/জুলাই/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ- স্টীলের ফাইল র্যাক তৈরী জন্য রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী "স্টীলের ফাইল র্যাক তৈরীর" জন্য খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	বিবরণ/ স্পেসিফিকেশন	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০৪/২০১৮- ২০১৯	স্টীলের ফাইল র্যাকঃ সাইজ ৭ফুট X ৫ ফুট X ১.৫ ফুট, ০৭ তাক, ৬ খোপ বিশিষ্ট প্রতিটি র্যাকে ফ্লাটবার প্রয়োজন ৫৫কেজি (ফ্লাটবারের সাইজঃ $\frac{3}{8}$ " , ৩মিঃমিঃ)। (দেখানোর নমুনা মোতাবেক)	২৪ টি		
সর্বমোট =				


কথায়ঃ-

- ০১। রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ২৬/০৭/২০১৮ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা।
- ০২। (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।
- ০৩। (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ২৬/০৭/২০১৮ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

শর্তাবলীঃ-

- ০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগত ভাবে/ ডাকযোগে/কুরিয়ার যোগে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাস্তব দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে, খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর(TIN), ব্যাংক সলভেন্সী সনদ, ভ্যাট নিবন্ধন নম্বর ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। খামের উপর "স্টীলের ফাইল র্যাক তৈরীর" কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ২৬/০৭/২০১৮ ইং তারিখ ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না মর্মে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাকারে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি / ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৫। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।
- ০৬। দরপত্র বা মালামালের স্পেসিফিকেশন সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৭। সর্বনিম্ন ও সর্বোত্তমভাবে রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের পর মালামাল সরবরাহে ব্যর্থ হলে বর্ণিত প্রতিষ্ঠানকে অত্র পবিসের সকল ক্রয় কাজে কালো তালিকা ভুক্ত করা হবে।
- ০৮। বিল পরিশোধের সময় সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তন করা হবে।

- ০৯।। সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান মালামাল ডেলিভারী প্রদানের প্রাক্কালে পবিসের একজন কর্মকর্তার উপস্থিতিতে মালামালের গুনগতমান (নমুনা মোতাবেক) সন্তোষজনক হওয়া সাপেক্ষে মালামাল গ্রহন করা হবে।
- ১০।। কাযাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ২০(বিশ) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে সমিতির সদর দপ্তরে মালামাল সরবরাহ করতে হবে।
- ১১।। দরপত্রে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমস্যা উদ্ভব হলে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১২।। কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।




(মোঃ আবুল বাশার আজাদ)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১।। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র জমা নেওয়ার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
- ০২।। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩।। পুলিশ সুপার, খুলনা।
- ০৪।। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪
- ০৫।। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, খুলনা।
- ০৬।। এজিএম (অর্থ), খুলনা পবিস।
- ০৭।। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ০৮।। মেসার্স-----।
- ০৯।। নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
- ১০।। অফিস/মাস্টার কপি।

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।



জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

খুলনা পবিস।

